রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ১৩, ২০১৬**

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২২ বঃ/০২ জুন ২০১৫ খ্রিঃ

**নং ২৬.০০.০০০০.০৯০.০৬.০৭৪.১১-১৪৯**—বাণিজ্য মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১২ তারিখের ২৬.০০.০০০০.১১৫.০৬.০৭৪.১১-৭৮ নম্বর প্রজ্ঞাপন দ্বারা ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫ অনুযায়ী গঠিত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদের ১০(দশ) জন মনোনীত সদস্যের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ পুন:র্গঠন করিল :

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা | চেয়ারম্যান |
| (২) | সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (৩) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (৪) | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (৫) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (অঅধি), শিল্প মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| (৬) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (গবেষণা), কৃষি মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| (৭) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| (৮) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (খাদ্য), খাদ্য বিভাগ, ঢাকা | সদস্য |
| (৯) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা | সদস্য |
| (১০) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (প্রশা/অপা), জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা | সদস্য |
| (১১) | যুগ্ম সচিব/অতিরিক্ত সচিব (লেঃড্রাঃ-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, ঢাকা | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| (১২) | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৩) | এডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা | সদস্য |
| (১৪) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৫) | সভাপতি, ঔষধ শিল্প সমিতি, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৬) | সভাপতি, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৭) | সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৮) | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা (পদাধিকারবলে) | সদস্য |
| (১৯) | জনাব কাজী আকরাম উদ্দিন আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী ও ব্যাংকার (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| (২০) | জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| (২১) | জনাব শেখ কবির হোসেন, বিশিষ্ট সমাজকর্মী, ব্যবসায়ী ও বীমা ব্যক্তিত্ব (সরকার কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক) | সদস্য |
| (২২) | ডঃ আহসান এইচ মনসুর, নির্বাহী পরিচালক, পলিসি রিচার্স ইনস্টিটিউট (সরকার কর্তৃক মনোনীত বাজার অর্থনীতিতে অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| (২৩) | জনাব মোঃ আতিকুল ইসলাম, সভাপতি বিজিএমইএ (সরকার কর্তৃক মনোনীত ব্যবসায় অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| (২৪) | ব্যারিস্টার নীহাদ কবির, সাবেক সহ সভাপতি, এমসিসিআই, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত শিল্পে অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| (২৫) | জনাব আব্দুল মালেক মিয়া, সাবেক চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন) | সদস্য |
| (২৬) | ডঃ ইয়াসমীন আরা লেখা, প্রভিসি, উত্তরা বিশ্ববিদ্যালয় (শিক্ষক প্রতিনিধি) | সদস্য |
| (২৭) | সভাপতি, জাতীয় শ্রমিক লীগ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত শ্রমিক প্রতিনিধি) | সদস্য |
| (২৮) | সভাপতি, জাতীয় বাংলাদেশ কৃষক লীগ, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত কৃষক প্রতিনিধি) | সদস্য |
| (২৯) | মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা | সচিব |

২। **পরিষদের কার্যাবলী ঃ** পরিষদের কার্যাবলী হবে নিম্নরূপ, যথা :—

(ক) আইনের উদ্দেশ্য পূরণকল্পে ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত নীতি প্রণয়ন এবং উহা বাস্তবায়নে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ও জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটিকে নির্দেশনা প্রদান ;

(খ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় প্রবিধানমালা প্রণয়ন ;

(গ) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে সরকার কর্তৃক প্রেরিত যে কোন বিষয় বিবেচনা করা এবং মতামত প্রদান ;

(ঘ) ভোক্তা অধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের বিষয়ে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান ;

(ঙ) ভোক্তা অধিকার সম্পর্কে জনসাধারণকে সচেতন করিবার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রম গ্রহণ ;

(চ) ভোক্তা অধিকার সংরক্ষণের সুফল ও ভোক্তা অধিকার বিরোধী কার্যের কুফল সম্পর্কে গণসচেতনতা গড়িয়া তুলিবার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

(ছ) ভোক্তা অধিকার সম্পর্কে গবেষণা কার্যক্রম পরিচালনা ;

(জ) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর মহাপরিচালক এবং জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণ ; এবং

(ঝ) উপরি-উক্ত দায়িত্ব পালন ও কর্তব্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ।

৩। পরিষদের করণীয় সংক্রান্ত অন্যান্য বিষয়াদি জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এ বর্ণিত বিধানাবলী দ্বারা প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আমজাদ হোসেন বেপারী**

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd